# এসকেএস ফাউন্ডেশন

প্রকল্প: ওয়াশ ফর আরবান পুওর ফেজ-২

সৈয়দপুর, নীলফামারী।

তারিখ: ১৫ জানুয়ারী ২০২৬ ইং

## নোটিশ (আগ্রহপত্র/Expression of Interest)

*বিষয়: সৈয়দপুর পৌরসভায় কঠিন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনায় আগ্রহী প্রতিষ্ঠান/ সংস্থার নিকট হতে আগ্রহপত্র আহ্বান।*

সৈয়দপুর পৌরসভা পয়ঃবর্জ্যের কার্যকর ও নিরাপদ শোধনের মাধ্যমে টেকসই স্যানিটেশন প্রচারের লক্ষ্যে একটি পয়ঃবর্জ্য পরিশোধনাগার স্থাপন করেছে। ওয়াটারএইড বাংলাদেশ এর কারিগরি ও আর্থিক সহায়তা এবং এসকেএস ফাউন্ডেশনের সহায়তায় গত ২০১৮ সন হতে এই পয়ঃবর্জ্য পরিশোধনাগারটি সুষ্ঠুভাবে পরিচালিত হয়ে আসছে। এমতাবস্থায় পয়ঃবর্জ্য পরিশোধনাগারটির দীর্ঘমেয়াদী স্থায়িত্ব নিশ্চিত করার জন্য সৈয়দপুর পৌরসভা পয়ঃবর্জ্য পরিশোধনাগারটির পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, ভ্যাকুট্যাগ পরিষেবা, ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনা পরিষেবা প্রদানের জন্য একটি অভিজ্ঞ ও যোগ্য বেসরকারি প্রতিষ্ঠান/ সংস্থার দ্বারা পরিষেবা স্তরে চুক্তির মাধ্যমে ইজারা দেয়ার চেষ্টা করছে। এই মর্মে আগ্রহী সকল প্রতিষ্ঠান এর নিকট হইতে আগ্রহপত্র আহ্বান করা যাচ্ছে।

আগ্রহী বেসরকারি প্রতিষ্ঠান/ সংস্থাসমূহকে নিম্নে প্রদর্শিত টেবিলের তথ্যবলী অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন পত্র দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে।

| ক্র.নং. | প্রসঙ্গ | বিস্তারিত তথ্য |
|---|---|---|
| ০১ | কাজের শিরোনাম | সৈয়দপুর পৌরসভায় কঠিন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা<br><br>এই কাজের অন্তর্ভুক্ত মুখ্য কর্ম সূচকগুলো নিম্নরূপ:<br>- পৌরসভার ভ্যাকুট্যাগ পরিষেবা যথাযথভাবে পরিচালনা এবং পরিষেবার মান উন্নয়ন ও পরিধি বৃদ্ধিকরণ।<br>- স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর (SOP) অনুসারে পয়ঃবর্জ্য পরিশোধনাগার পরিচালনা ও রক্ষণাবেক্ষণ<br>- গুণগত মানসম্পন্ন কম্পোস্ট উৎপাদন ও বাজারজাতকরণ (প্রচার ও প্রসার)।<br>- নিয়মিত পরীক্ষা-নীরিক্ষার মাধ্যমে পয়ঃবর্জ্য পরিশোধনাগার থেকে নিষ্কাশিত স্যুয়েজ ও উৎপাদিত কম্পোস্টের মান নিয়ন্ত্রণ।<br>- পৌরসভার আওতাধীন এলাকায় কঠিন বর্জ্য ব্যবস্থাপনা সেবা প্রদান।<br>- ভ্যাকুট্যাগ পরিষেবা, কঠিন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত সকল কর্মীর স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিতকরণ। |
| ০২ | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | এসকেএস ফাউন্ডেশন ও ওয়াটারএইড বাংলাদেশ |
| ০৩ | আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় | ২২/০১/২০২৬ ইং, বিকেল-৫.০০ ঘটিকা |
| ০৪ | আগ্রহপত্র খোলা এবং আবেদনকারীদের সঙ্গে মিটিং এর তারিখ ও স্থান | ২৫/০১/২০২৬ ইং., পয়ঃবর্জ্য পরিশোধনাগার, সুরকিমহল্লা, ওয়ার্ড নং- ১১, সৈয়দপুর পৌরসভা, সৈয়দপুর, নীলফামারী। । |
| ০৫ | আবেদন জমাদানের ঠিকানা | পয়ঃবর্জ্য পরিশোধনাগার, সুরকিমহল্লা, সৈয়দপুর পৌরসভা, সৈয়দপুর, নীলফামারী। ওয়ার্ড নং-১১. (স্বহস্তে বা কুরিয়ার সার্ভিস বা ই-মেইল)। |
| ০৬ | অনলাইনে আবেদন জমাদানের মাধ্যম (**একটি ইমেইল ঠিকানায় পাঠানো হলে অন্যটিতে সিসি/কপি করতে হবে**) | To: procurement@sks-bd.org<br>CC: wash4@sks-bd.org and sksushwa@gmail.com> |
| ০৭ | আবেদনকারীদের যোগ্যতা | সংযুক্তি ০১ এ বিস্তারিত উল্লেখ আছে। |
| | | • আগ্রহপত্র (আগ্রহপত্রের নমুনা সংযুক্তি ০২ দ্রষ্টব্য)<br>• আবেদনকারীর ব্যক্তিগত তথ্যাবলী (সংযুক্তি ০৩ দ্রষ্টব্য) |

| | | |
|---|---|---|
| ০৮ | আগ্রহপত্রে যা সংযুক্ত থাকবে | • প্রতিষ্ঠানের পটভূমি (পরিচিতি, কার্যক্ষেত্র, লোকবল ইত্যাদি - ১/২ পৃষ্ঠা)<br>• সংশ্লিষ্ট কাজে পূর্ব অভিজ্ঞতার প্রমাণপত্র (সংযুক্তি ০৪ দ্রষ্টব্য)<br>• ব্যবসায়িক/প্রতিষ্ঠানের অনুমোদিত লাইসেন্স/রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর কপি<br>• ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট কপি (চলতি মাসের)<br>• হালনাগাদকৃত ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট কপি<br>• জাতীয় পরিচয়পত্রের কপি |
| ০৯ | সামগ্রিক নির্বাচন প্রক্রিয়া | চূড়ান্ত নির্বাচনের ক্ষেত্রে নিম্নোক্ত তিনটি ধাপ অনুসরণ করা হবে -<br>• প্রথম ধাপ: আগ্রহ পত্র বা Expression of interest<br>• দ্বিতীয় ধাপ: প্রাথমিক নির্বাচন<br>• তৃতীয় ধাপ: সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রতিষ্ঠান/ব্যাক্তিকে প্রস্তাব জমা দেওয়ার জন্য আমন্ত্রন জানানো। |
| ১০ | মূল্যায়নের মানদণ্ড | • কারিগরি দক্ষতা<br>• অর্থনৈতিক সক্ষমতা বা স্বচ্ছলতা |
| ১১ | বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ | **০১৭১৬-২৮৪৩২৫, ০১৭২৮-৫০১৬৩৪** |
| ১২ | বি. দ্র. | • আগ্রহপত্র স্বহস্তে জমাদানের ক্ষেত্রে অবশ্যই প্রতিষ্ঠানের অনুমোদিত স্বাক্ষর ও সীল সহ মুখবন্ধ খামে প্রদান করতে হবে।<br>• সংযুক্তি অনুসরণপূর্বক ফরওয়ার্ডিং লেটার, ব্যক্তিগত তথ্যাবলী এবং কারিগরি দক্ষতা স্বাক্ষর ও সীলসহ প্রদান করতে হবে।<br>• ব্যবসায়িক লাইসেন্স/রেজিস্ট্রেশন, ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট ইত্যাদি কাগজাদি অবশ্যই চলতি বছরে হালনাগাদকৃত হতে হবে। যদি কর বা ভ্যাটের জন্য বর্ধিত সময় নেওয়া হয়ে থাকে, তাহলে সেই অনুমোদন পত্রটি সংযুক্ত করুন।<br>• অন্যান্য সকল ধরনের কাগজাদিতে অবশ্যই প্রতিষ্ঠানের অনুমোদিত ব্যক্তি কর্তৃক স্বাক্ষর ও সীল প্রদান করতে হবে।<br>• **দক্ষতা বা যোগ্যতার ভিত্তিতে পরবর্তী পদক্ষেপের (প্রস্তাবের জন্য অনুরোধ বা Request for Proposal) জন্য শুধুমাত্র নির্বাচিত সংস্থা বা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হবে।**<br>• সকল আগ্রহী বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থার সঙ্গে ইজারা সম্পর্কিত বিস্তারিত আলোচনা সাপেক্ষে নির্বাচিত সংস্থার সাথে পরবর্তীতে বিস্তারিত চুক্তি স্বাক্ষরের মাধ্যমে কার্যক্রম শুরু করা হবে।<br>• অসম্পূর্ণ বা আংশিক তথ্যসম্বলিত আগ্রহপত্র ঐ প্রতিষ্ঠানের প্রাথমিক নির্বাচনের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব তৈরি করবে।<br>• কর্তৃপক্ষ যেকোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে আগ্রহপত্র (Expression of Interest) আহ্বান সংক্রান্ত যেকোন কার্যক্রম আংশিক বা পূর্ণাঙ্গ বাতিল করার অধিকার সংরক্ষণ করে। এই ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |

# সংযুক্তি

**সংযুক্তি ০১: আগ্রহপত্র জমাদানের যোগ্যতা বা শর্তাবলী**

- আবেদনকারীকে অবশ্যই বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন ও ভ্যাট নিবন্ধন সহ বাংলাদেশের আইনে নিবন্ধিত একটি বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থা হতে হবে।
- প্রাসঙ্গিক অভিজ্ঞতাঃ বর্জ্য ব্যবস্থাপনা (বিশেষত পয়ঃবর্জ্য/ ভ্যাকুট্যাগ পরিষেবা প্রদান/ অনুরূপ নগর উপযোগী পরিষেবা পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে **২-৩ বছরের** বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
- কারিগরি সক্ষমতা: উক্ত প্রতিষ্ঠানকে পয়ঃবর্জ্য শোধনাগারের পাশাপাশি ভ্যাকুট্যাগ পরিষেবা পরিচালনায় প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা প্রদর্শন করতে হবে। তাদের দক্ষ কর্মী (অপারেটর, ড্রাইভার, মেকানিক ইত্যাদি) থাকবে অথবা নিয়োগ ও প্রশিক্ষণের পরিকল্পনা থাকতে হবে।
- আর্থিক সক্ষমতা: আবেদনকারীকে পয়ঃবর্জ্য শোধনাগারের পাশাপাশি ভ্যাকুট্যাগ পরিষেবা পরিচালন ব্যয়, ছোটখাটো মেরামত, কর্মীদের বেতন, সুরক্ষা সরঞ্জাম এবং অন্যান্য সংশ্লিষ্ট চলমান ব্যয়ে বিনিয়োগ করার জন্য পর্যাপ্ত আর্থিক সক্ষমতা প্রদর্শন করতে হবে।
- আগ্রহী প্রতিষ্ঠান কে অবশ্যই সমস্ত জাতীয়, পরিবেশগত ও স্বাস্থ্য সুরক্ষা মান মেনে কাজ করতে হবে। পাশাপাশি সকল মাঠকর্মীর জন্য সুরক্ষা সরঞ্জাম সরবরাহ এবং পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সুরক্ষা মান অনুযায়ী স্বাস্থ্যকর কাজের পরিবেশ নিশ্চিত করতে হবে।
- আগ্রহী প্রতিষ্ঠান কে একটি বিস্তৃত ও কার্যকর ব্যবসায়িক ও পরিচালনা পরিকল্পনা বা প্ল্যান জমা দিতে হবে। উক্ত পরিকল্পনায় পরিষেবার মূল্য নির্ধারণ কৌশল, কমিউনিটিতে যোগাযোগ ব্যবস্থা, বর্জ্য নিষ্কাশন কৌশল এবং রক্ষণাবেক্ষণের সময়সূচী উল্লেখ থাকবে।
- সংস্থাটিকে সমস্ত পৌরসভার ওয়ার্ড, বিশেষ করে নিম্ন আয়ের এবং সুবিধাবঞ্চিত এলাকাগুলিকে পরিষেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে। সমতা নিশ্চিতকরণের মাধ্যমে সকলকে পরিষেবা প্রদান করতে হবে।
- আগ্রহী প্রতিষ্ঠানটি কে পরিবেশগত সুরক্ষার সাথে সামঞ্জস্য রেখে পয়ঃবর্জ্য শোধনাগার থেকে উৎপাদিত কম্পোস্ট বাজারজাতকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- আবেদনকারী প্রতিষ্ঠানটিকে অবশ্যই দৈনন্দিন কার্যক্রম, বর্জ্য অপসারণের তালিকা, কম্পোস্ট উৎপাদন এবং কমিউনিটির প্রতিক্রিয়ার যথাযথ রেকর্ড বজায় রাখার পাশাপাশি পৌরসভায় পর্যায়ক্রমে প্রতিবেদন বাধ্যতামূলক ভাবে জমা প্রদান করতে হবে।
- আগ্রহী প্রতিষ্ঠানটি কে সৈয়দপুর পৌরসভার নিয়ম ও তত্ত্বাবধানের অধীনে কাজ করতে হবে এবং ইজারা সময়কালে পরিদর্শন, নিরীক্ষা ও মূল্যায়নের জন্য উন্মুক্ত থাকতে হবে।
- আবেদনকারী প্রতিষ্ঠান যদি ইতিপূর্বে কোন ধরনের জালিয়াতি, দুর্বল কর্মক্ষমতা বা চুক্তি লঙ্ঘনের জন্য কোন সরকারি প্রতিষ্ঠান/ দাতা সংস্থা/ যেকোন পৌরসভা বা সিটি কর্পোরেশন কর্তৃক কালো তালিকাভুক্ত বা নিষিদ্ধ হয়ে থাকে তাহলে সেই আবেদন বাতিল বলে গণ্য হবে।

**<u>সংযুক্তি ০২: আগ্রহপত্রের নমুনা</u>**

*(প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে প্রদান করতে হবে)*

**তারিখঃ**

বরাবর,
এসকেএস ফাউন্ডেশন
ওয়াশ ফর আরবান পুওর ফেজ-২ প্রকল্প
সৈয়দপুর, নীলফামারী

**বিষয়ঃ আগ্রহপত্র জমাদান প্রসঙ্গে**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি .................................................................... (নাম), .......................................... প্রতিষ্ঠানের অধিকারী। গত ............................... তারিখে প্রকাশিত নোটিশ (সিরিয়াল নম্বরঃ...........................................................................) এর প্রেক্ষিতে সরবরাহকৃত সকল তথ্য পর্যালোচনা এবং বোঝার পর উক্ত কার্যক্রম পরিচালনা করার ইচ্ছাপূর্বক আমার প্রতিষ্ঠানের পক্ষ হতে সমুদয় সকল কাগজাদি সংযুক্ত করে আগ্রহপত্র দাখিল করিতেছি।

অতএব, আমার প্রদানকৃত সকল কাগজাদি ও তথ্যাবলী সঠিক মূল্যায়নের জন্য আপনার কাছে অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,

................................................

স্বাক্ষর (অনুমোদিত ব্যক্তির)

নামঃ
ঠিকানাঃ
তারিখঃ

## <u>সংযুক্তি ০৩: আবেদনকারীর ব্যক্তিগত তথ্যাবলী</u>

- নাম:
- প্রতিষ্ঠানের নাম:
- পদবী:
- ঠিকানা:
- মেইল ঠিকানা :
- শাখা অফিস এর ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে):
- প্রতিষ্ঠানের পক্ষে যোগাযোগের জন্য একজন ব্যক্তির তথ্য:

  নাম:
  পদবী:
  প্রতিষ্ঠান:
  ঠিকানা:
  মোবাইল নম্বর:
  ইমেইল:

## <u>সংযুক্তি ০৪: প্রতিষ্ঠানের কারিগরি দক্ষতা</u>

সংশ্লিষ্ট কাজে পূর্ব অভিজ্ঞতার প্রমাণপত্র একটি প্রতিষ্ঠানের চূড়ান্ত নির্বাচনের ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখবে। একই বা সদৃশ কাজের পূর্ব অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ নিম্নোক্ত টেবিল অনুসরণপূর্বক প্রদান করতে হবে।

| ক্র. নং. | কাজের শিরোনাম | কাজের ধরন | অনুমোদন প্রদানকারী প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য | চুক্তির মেয়াদকাল (বছর) | কাজ শুরুর তারিখ | কাজ শেষ হওয়ার তারিখ | চুক্তি মূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | |
| ২ | | | | | | | | |
| ৩ | | | | | | | | |
| ৪ | | | | | | | | |
| ৫ | | | | | | | | |